



## iSupport ডিমেনশিয়া জন্য

### iSupport কী?

iSupport হল একটি অনলাইন সহায়তা প্যাকেজ যা ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিদের যত্নকারীদের জন্য তথ্য এবং সহায়তা প্রদান করে। এটির লক্ষ্য আপনাকে ডিমেনশিয়া সম্পর্কে এবং ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তির যত্ন নেওয়ার বিষয়ে জানতে সাহায্য করা। এটিতে কীভাবে নিজের যত্ন নেওয়া যায় তার তথ্যও অন্তর্ভুক্ত রয়েছে, যাতে আপনি যে ব্যক্তির যত্ন নেন তাকে সমর্থন করা চালিয়ে যেতে পারেন।

### iSupport পাঁচটি মডিউল নিয়ে গঠিত:

- (১) ডিমেনশিয়া কী?
- (২) একজন কেয়ারার / যত্নকারী হওয়া
- (৩) নিজের যত্ন
- (৪) প্রতিদিনের যত্ন প্রদান করা
- (৫) ডিমেনশিয়া আক্রান্ত ব্যক্তিদের পরিবর্তনের সাথে নিজেকে খাপ খাওয়ানো

### 'যত্নদান / কেয়ারিং করা' কী?

আপনি যদি কোনো ডিমেনশিয়ায় আক্রান্ত ব্যক্তির পিতা-মাতা, আত্মীয়, স্বামী/স্ত্রী বা বন্ধু হয়ে থাকেন এবং তাদেরকে দেখাশোনা করেন - যারা আপনাকে ছাড়া তাদের জীবন পরিচালনা করা কঠিন বলে মনে করে, তাহলে আপনাকে 'তাদের কেয়ারার' বলা যেতে পারে।

আপনি হয়তো মনে করতে পারেন যে আপনি শুধু আপনার পরিবারের সদস্য বা বন্ধুর জন্য সাহায্য করছেন, তাই 'কেয়ারার' শব্দটি অদ্ভুত লাগতে পারে। কিন্তু আপনি নিজেকে একজন কেয়ারার (যত্নকারী) হিসাবে দেখলে আপনার জন্য সাহায্য পেতে সহজ হতে পারে।